দৈনিক ইনকিলাব

তারিখ ...

পৃষ্ঠা ৩ কলাম ৬

NOV. 02 2002

# ক্ষমতা গ্রহণের বছর পূর্তির পরও প্রাইমারী স্কুলে ধর্মীয় শিক্ষক নিয়োগ না দেয়া দুঃখজনক

## —ছাত্র জমিয়ত

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** গতকাল ছাত্র জমিয়ত বাংলাদেশের দু'দিনব্যাপী প্রশিক্ষণ সম্মেলন বারিধারায় সমাপ্ত হয়েছে। সম্মেলনে চারদলীয় জোটের ক্ষমতা গ্রহণের বছর পূর্তির পরও প্রাইমারী স্কুলে ধর্মীয় শিক্ষক নিয়োগ না করায় গভীর দুঃখ প্রকাশ করা হয় এবং প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রীকে জরুরী ভিত্তিতে পদক্ষেপ গ্রহণের আহবান জানানো হয়।

ছাত্র জমিয়ত সভাপতি গোলাম মুহিউদ্দীন ইকরামের সভাপতিত্বে অনুষ্ঠিত সম্মেলনে প্রাক্তন মন্ত্রী ও জমিয়তে উলামায়ে ইসলামের মহাসচিব মুফতি মোঃ ওয়াক্কাস এমপি, মাওলানা নূর হোসাইন কাসেমী, মাওলানা আবদুর রহীম ইসলামাবাদী, মাওলানা ওবাইদুল্লাহ ফারুক, মাওলানা দেলোয়ার হোসেন সাইফী, মাওলানা ইসহাক ফরিদী, আবদুল মালিক চৌধুরী প্রমুখ বক্তব্য রাখেন।